

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৩৮৮

১৩/ বিচার ও বিধান (الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৮০, স্বামীর অনুমতি ব্যতীত স্ত্রীর দান করা

بَابِ عَطِيَّةِ الْمَرْأَةِ بِغَيْرِ إِذْنِ زَوْجِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو يُوسُفُ الرَّقِيقُ، مُحَمَّدُ بْنُ أَحْمَدَ الصَّيْدَلَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنِ الْمُثْنَى
بْنِ الصَّبَّاحِ، عَنْ عَمْرِو بْنِ شُعْبَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ قَالَ فِي خُطْبَةِ خَطَبَهَا " لَا يَجُوزُ لِإِمْرَأَةٍ فِي مَالِهَا إِلَّا بِإِذْنِ زَوْجِهَا إِذَا هُوَ مَلِكٌ
عِصْمَتَهَا " .

বাংলা

১/২৩৮৮। আমর ইবনে শুআইব (রহঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রদত্ত এক খুতবায় বলেনঃ কোন নারীর জন্য তার স্বামীর সম্মতি ব্যতীত নিজ সম্পদ হস্তান্তর করা জায়েয় নয়। কেননা সে তার সম্মান-সম্মত রক্ষণে ও নিরাপত্তার ব্যবস্থা করতে দায়বদ্ধ।

English

It was narrated from 'Amr bin Shu'aib, from his father that he delivered:
"It is not permissible for a woman to dispose of her wealth except with her husband's permission, once he has married her."

ফুটনোট

আবু দাউদ ৩৫৩৬, ৩৫৩৭, আহমাদ ৭০১৮, সহিহাহ ৭৭৫, ৮২৫, আত-তালীকুর রাগীব ২/৪৫।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসান্না ইবনুস সাবুাহ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, পূর্ব ইমামগণ তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। আবু হাতিম আর-রায়ি ও ইমাম তিরমিয়ি বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহণ করেন ও তা বর্ণনা করেন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৫৭৭৩, ২৭/২০৩ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ

কিন্তু মুসাম্মা ইবনুস সার্কাহ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৬৭ টি শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে ১ টি জাল, ১১ টি খুবই দুর্বল, ২৭ টি দুর্বল, ১৪ টি হাসান, ১৪ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিয়ি ৬৭০, আবু দাউদ ৩৫৪৬, ৩৫৪৭, আহমাদ ৬৬৮৮, ৭০১৮, ২২২৭২, মুসাম্মাফ আব্দুর রায়হাক ১৬৬০৭, ১৬৬২১, মু'জামুল আওসাত ২৫৬৫, ৮৬৭৬। শারহস সুন্নাহ ১৬৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43004>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন